

ন্যাশনাল ইনস্টিটিউট অফ টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং এন্ড রিসার্চ (নিটার)
নয়ারহাট, সাভার, ঢাকা

স্মারক নং- নিটার/পরীক্ষা/এমবিএ./২০২২/১০১

তারিখঃ ০৮ আগস্ট, ২০২২

**২০২১-২০২২ শিক্ষাবর্ষের এমবিএ ইন টেক্সটাইল এন্ড অ্যাপারেল ভ্যালু চেইন কোর্সের
লেভেল-১ টার্ম-১ ও লেভেল-১ টার্ম-১ (রিটেক) পরীক্ষা-২০২২ এর ফর্ম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি**

অত্র ইনস্টিটিউটে অধ্যয়নরত ২০২১-২০২২ শিক্ষাবর্ষের এমবিএ ইন টেক্সটাইল এন্ড অ্যাপারেল ভ্যালু চেইন কোর্সের লেভেল-১ টার্ম-১ ও লেভেল-১ টার্ম-১ (রিটেক) পরীক্ষা-২০২২ এ অংশগ্রহণেচ্ছুক ছাত্র-ছাত্রীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের “www.ducmc.com” এই লিংকে প্রবেশ করে পরীক্ষার এন্ট্রি ফর্ম পূরণের সকল কার্যক্রম শিক্ষার্থীকে সম্পন্ন করতে হবে। নিম্নলিখিত ছক অনুযায়ী প্রযোজ্য পরীক্ষার ফি ও বকেয়া টিউশন ফি নিম্নলিখিত যেকোনো ব্যাংক হিসাবে ১৩ আগস্ট, ২০২২ তারিখের মধ্যে জমা দিতে হবে।


ক্রম	ব্যাংকের নাম	শাখার নাম	হিসাব নম্বর	হিসাবের নাম
১.	ডাচ বাংলা ব্যাংক লিঃ	সাভার পল্লী বিদ্যুৎ শাখা	২৭০১১০০০০২০৬২	ন্যাশনাল ইনস্টিটিউট অফ টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং এন্ড রিসার্চ (নিটার)
২.	এক্সিম ব্যাংক লিমিটেড	নয়ারহাট শাখা	০৮১১১১০০০৩৫০৬৯	
৩.	জনতা ব্যাংক লিমিটেড	নয়ারহাট শাখা	০১০০১০৬৪৯৬৭৯৪	

পরীক্ষার ফি (পরীক্ষার্থী প্রতি) :

ছাত্র-ছাত্রীর ধরন	খাতসমূহ	টাকা	মোট টাকা
কলেজিয়েট	পরীক্ষা ফি	৫,০০০/-	৭,৫০০/-
	নম্বরপত্র ফি	৩০০/-	
	এন্ট্রি ফরম ফি	১০০/-	
	কেন্দ্র ফি	২,০০০/-	
	বিবিধ ফি	১০০/-	
রিটেক (১/২ বিষয়)	পরীক্ষা ফি	৩,০০০/-	৫,৫০০/-
	নম্বরপত্র ফি	৩০০/-	
	এন্ট্রি ফরম ফি	১০০/-	
	কেন্দ্র ফি	২,০০০/-	
	বিবিধ ফি	১০০/-	
ননকলেজিয়েট ফি (যদি থাকে)			২,২৫০/-

- ১। অনলাইনে পরীক্ষার এন্ট্রি ফর্ম পূরণের সময় নির্ধারিত স্থানে ছাত্র-ছাত্রীর স্বাক্ষর, ছবি ও পরীক্ষার সকল বিষয় আবশ্যিকভাবে আপলোড করতে হবে।
- ২। টিউশন ফি, পরীক্ষার ফি জমা প্রদানের ব্যাংক রশিদের মূল কপি ও অনলাইনে পূরণকৃত পরীক্ষার এন্ট্রি ফর্মের প্রিন্টকপি ১৩ আগস্ট, ২০২২ তারিখের মধ্যে অবশ্যই নিটারের হিসাব শাখায় জমা প্রদান করতে হবে।
- ৩। পরীক্ষার এন্ট্রি ফর্ম পূরণের জন্য লেভেল-১ টার্ম-১ এর সকল টিউশন ফি ও পরীক্ষার ফি আবশ্যিকভাবে পরিশোধ করতে হবে।
- ৪। অনলাইনে পূরণকৃত পরীক্ষার এন্ট্রি ফর্মের প্রিন্টকপি নির্দিষ্ট সময়ের মধ্যে নিটারের হিসাব শাখায় জমা প্রদান না করলে, তার এন্ট্রি ফর্ম ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রেরণ করা সম্ভব হবে না।

বিঃদ্রঃ ছাত্র-ছাত্রীদের অনলাইনে পূরণকৃত এন্ট্রি ফর্ম নিটার যাচাই বাছাই করে ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রেরণ করবে। কোনো ছাত্র-ছাত্রীর টিউশন ফি ও পরীক্ষা ফি বকেয়া থাকলে তার এন্ট্রি ফর্ম ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রেরণ করা হবে না।


০৮/০৮/২০২২
দেলোয়ার হোসেন

সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক

বিতরণঃ

- ১। কোর্স কো-অর্ডিনেটর (ছাত্র-ছাত্রীদের ই-মেইলে প্রেরণের জন্য), নিটার।

অনুলিপিঃ

- ১। একাডেমিক ইন-চার্জ, নিটার (ই-মেইলে প্রেরণ)।
- ২। এডমিন ইন-চার্জ, নিটার (ই-মেইলে প্রেরণ)।
- ৩। হিসাব শাখা, নিটার (ই-মেইলে প্রেরণ) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।
- ৪। রেজিস্ট্রার দপ্তর, নিটার (ই-মেইলে প্রেরণ)।
- ৫। ওয়েবসাইট, নিটার।

সংযুক্তিঃ

- ১। অনলাইনে ফর্ম পূরণের নির্দেশনা কপি।